



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ নং-১৮/২০২৬

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫১ (ছ) অনুযায়ী কর্পোরেশনের অফিস সহায়ক জনাব মোঃ মজিবুর রহমান, আইডি নং-২০১৮০০০৬ কে অধিকাল ভাতার অর্থ আত্মসাৎ, তহবিল তহরুপ বা প্রতারণার অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়।

০২। এতদ্বিষয়ে, বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ/শৃঙ্খলা/আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটির সুপারিশ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনাব মোঃ মজিবুর রহমান এর বিরুদ্ধে ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে নিম্নোক্ত দণ্ড কার্যকর করা হলো:

(ক) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২(১)(ক)(ঈ) অনুযায়ী বেতনস্কেল নিম্নস্তরে অবনমিতকরণ অর্থাৎ জনাব মোঃ মজিবুর রহমান এর মূল বেতন ৮,২৫০.০০ (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হলো; এবং

(খ) ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২(১)(খ)(আ) অনুযায়ী জনাব মোঃ মজিবুর রহমান কর্তৃক সংঘটিত কর্পোরেশনের আর্থিক ক্ষতির সম্পূর্ণ অর্থাৎ সর্বমোট ২৯,৯৮৫.০০ (উনত্রিশ হাজার নয়শত পঁচাশি) টাকা জনাব মোঃ মজিবুর রহমান এর নিকট হতে আদায় করার নির্দেশ প্রদান করা হলো।

০৩। জনাব মোঃ মজিবুর রহমান কর্তৃক কর্পোরেশন হতে আত্মসাৎকৃত অর্থ তাঁর বেতন-ভাতা হতে সমন্বয়ের বিষয়ে সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ মারুফ হোসাইন)

সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব মোঃ মজিবুর রহমান।
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।